

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে ৮০০ কেভিএ বৈদ্যুতিক সাব-স্টেশন উদ্বোধন

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষক-কর্মকর্তা কোয়ার্টার্সে ৮০০ কেভিএ বৈদ্যুতিক সাব-স্টেশন এর উদ্বোধন করা হয়েছে। আজ বৃহস্পতিবার (১৩ মার্চ ২০২৫) বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল এর উদ্বোধন করেন।

উদ্বোধনকালে সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য বলেন, ২০২৪-২৫ অর্থবছরে সমাপ্ত এ বৈদ্যুতিক সাব-স্টেশনের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তা কোয়ার্টার্সসহ ভিআইপি গেস্ট হাউজ ও আবাসিক এলাকায় বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা হলো। এ সাব-স্টেশন চালুর মাধ্যমে আমাদের নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবার মান আরো তরান্বিত হলো। মাহে রমজানের এই সময় এবং আসন্ন গ্রীষ্মে এ স্টেশন আমাদের চাহিদা পূরণে সক্ষম হবে বলে আমি প্রত্যাশা ব্যক্ত করছি। এ কাজে সংশ্লিষ্টদের ধন্যবাদ জানাই।

অনুষ্ঠানে নোবিপ্রবি উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ, প্রক্টর এ.এফ.এম আরিফুর রহমান, শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর সরকার, প্রকৌশলী মো. জামাল হোসেন, প্রকৌশলী মোহাম্মদ শরীফ হোসেন, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, সোনাপুর জোনাল অফিসের ডিজিএম প্রকৌশলী মোঃ কাওসার আলীসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে দোয়া পরিচালনা করেন কেন্দ্রীয় মসজিদের পেশ ইমাম হাফেজ মাওলান গিয়াস উদ্দিন ভূইয়া।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪